



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিএম, প্রধান কার্যালয়

www.bsti.gov.bd

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



অবিলম্বে

সীমিত

নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০০২.২২.৭২

তারিখ: ৩০ অগ্রহাষণ ১৪২৯

১৫ ডিসেম্বর ২০২২

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক,

সিমেন্স ইন্ডাস্ট্রিয়াল লিমিটেড (সিমেন্স সুইচ বোর্ড ফ্যাক্টরী), আকরান, বিরুলিয়া, সাভার, ঢাকা।

বিষয়: আমদানিকৃত পণ্যের অনুকূলে অনাপত্তি (NOC) প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ও আপনার গত ১২-১২-২০২২ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সার্কিট ব্রেকার' বিএসটিআই'র বাধ্যতামূলক ২২৯ টি পণ্যের আওতাভুক্ত। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর আওতাভুক্ত হওয়ায় উক্ত পণ্য বিক্রি-বিতরণের উদ্দেশ্যে আমদানি করা হলে কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুদ্ধায়নের পূর্বে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আপনার প্রতিষ্ঠান কর্তৃক বিল অব এন্ট্রি নং- সি ৯৭৬৩৩৪, তারিখ: ৩০/১১/২০২২ খ্রিঃ এর মাধ্যমে আমদানিকৃত সার্কিট ব্রেকার পণ্য কেবলমাত্র নিজস্ব কাজে ব্যবহার হবে, কোনোরূপ বিক্রি করা হবে না-মর্মে আপনি নন-জুডিশিয়াল স্ট্যাম্পে আঞ্জীকারনামা দাখিল করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত সার্কিট ব্রেকার বিক্রি-বিতরণ করা হবে না বিধায় উক্ত পণ্যের অনুকূলে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত,

১৫-১২-২০২২

মোঃ নূরুল আমিন

পরিচালক

ফোন: ৫৫০৩০১১৩

নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০০২.২২.৭২/১

তারিখ: ৩০ অগ্রহাষণ ১৪২৯

১৫ ডিসেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, ঢাকা।

১৫-১২-২০২২

মোঃ সাইফুল ইসলাম

উপপরিচালক